

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর
জামালপুর সদর, জামালপুর।
jamalpursadar.jamalpur.gov.bd

জামালপুর সদর উপজেলার জানুয়ারি /২০১৭ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্য-বিবরণী :

সভাপতি : জনাব মোহাম্মদ আবদুল ছালাম, উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, জামালপুর সদর।
সভার তারিখ ও সময় : ১৭ জানুয়ারি ২০১৭, সকাল- ১০.৩০ ঘটিকা।

তালিকা সংযোজিত (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি সভায় উপস্থিত আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মাদকের ভয়াবহ বিস্তার রোধে প্রতিটি ইউনিয়নে জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণের অনুরোধ জানান। তিনি জামালপুর সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানান।

সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, জামালপুর থানা, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) আলোচনায় অংশ নেন।

ইউপি চেয়ারম্যানগণ তাদের এলাকায় মাদক ও জুয়ার ভয়াবহ বিস্তার রোধে আকস্মিক অভিযান চালিয়ে উহা নির্মূল করতে আইন-প্রয়োগকারী সংস্থাকে অনুরোধ জানান। মাদক ব্যবসায়ীদের গ্রেফতার করে তাদের জামিন অযোগ্য শাস্তির ব্যবস্থা করার অনুরোধ করেন। মাদকসহ বিভিন্ন অপরাধ নির্মূলে জনসচেতনতামূলক কর্মসূচি অব্যাহত রাখা এবং আইনপ্রয়োগকারী সংস্থাকে সহযোগিতার আশ্বাস দেন। চেয়ারম্যানগণ মাদক-জুয়া ও জঙ্গী-সন্ত্রাস নির্মূলে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

অফিসার ইনচার্জ, জামালপুর থানা বলেন, পুলিশ জামালপুর সদর উপজেলার মাদক-ব্যবসা ও সেবন নিয়ন্ত্রন রাখতে সার্বক্ষণিক টহল ও অভিযান পরিচালনা করছে। জনগনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে পুলিশ বাহিনী সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে। তিনি জনপ্রতিনিধি রাজনৈতিক নেতৃবর্গ,সচেতন নাগরিকসহ সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে জামালপুর সদর উপজেলাকে মাদক,জুয়া ও সন্ত্রাস মুক্ত করা সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতি জুয়া ও মাদকের সুনির্দিষ্ট তথ্য দিয়ে আইন-প্রয়োগকারী সংস্থাকে সহায়তার অনুরোধ জানান। এছাড়া আইন-শৃঙ্খলা কমিটির সদস্যগণকে নিয়মিত আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত থাকার অনুরোধ জানান। জামালপুর সদর উপজেলাকে মাদক,জুয়া ও সন্ত্রাসমুক্ত উপজেলায় পরিণত করার লক্ষ্যে স্ব স্ব অবস্থান থেকে ভূমিকা পালন করার অনুরোধ জানান। বাল্য-বিবাহ নিরোধে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তদন্ত কেন্দ্রের আইসিগণকে ইউনিয়ন ও উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিতির উপর গুরুত্বারোপ করেন।

বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা :

প্রত্যেক মাসে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করে রেজুলেশন উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। ইউনিয়ন ও উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সংশ্লিষ্ট তদন্ত কেন্দ্রের আই সি গণ এর উপস্থিতি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : ১। অফিসার ইনচার্জ, জামালপুর থানা।

২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।

২। মাদক ও জুয়া প্রতিরোধ সংক্রান্ত :

মাদক কেনা বেচা, জুয়া খেলার স্পট সমূহে আকস্মিক অভিযান চালিয়ে মাদক ও জুয়ার আড্ডা নির্মূলে কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। মাদক ও জুয়ার আড্ডা সম্পর্কে আইন প্রয়োগকারী সংস্থাকে তথ্য দিয়ে উহা নির্মূলে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতাকর্মী ও সচেতন নাগরিক সহযোগিতা করতে হবে।

বাস্তবায়নে : ১। অফিসার ইনচার্জ, জামালপুর থানা।

২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, জামালপুর।

৩। সকল জনপ্রতিনিধি ও রাজনৈতিক দলের নেতাকর্মী।

৩। বাল্য বিবাহ প্রতিরোধঃ

বাল্য-বিবাহ বন্ধে মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, পুলিশ সুপার মহোদয় এবং সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে প্রতিটি ইউনিয়নে বাল্য-বিবাহ বিরোধী সমাবেশ ও র্যালী করতে হবে। গোপনে তথ্য দিয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে।

বাস্তবায়নে : ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার।

২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, জামালপুর।

৩। সংশ্লিষ্ট সকল।

৪। ডিসেম্বর/২০১৬ মাসের অপরাধ চিত্র :

সভায় অফিসার ইনচার্জ, জামালপুর থানা কর্তৃক দাখিলকৃত জুন/২০১৬ মাসের অপরাধ চিত্র নিম্নরূপ :

মাস	খুন	ধর্ষণ	ডাকাতি/দস্যুতা	অগ্নিসংযোগ	অপহরণ	এসিড নিষ্ক্ষেপ	নারী ও শিশু নির্যাতন	আইন শৃঙ্খলা বিঘ্নকারী বিষয়
ডিসেম্বর/২০১৬	--	০১	--	--	--	--	০২	-

সিদ্ধান্ত : ক) অপরাধ প্রবণতা হ্রাসে পুলিশকে প্রতিরোধমূলক ভূমিকা পালন করতে হবে। অপরাধ প্রবন স্থানসমূহে পুলিশি টহল জোরদার এবং সংঘটিত অপরাধ বিষয়ে যথাযথ প্রক্রিয়ায় তদন্ত সম্পন্ন করতে হবে।

খ) অপরাধ প্রবণতা রোধকল্পে জনসচেতনতা ও উদ্বুদ্ধকরন সভা করতে হবে।

বাস্তবায়নে : ১। অফিসার ইনচার্জ, জামালপুর থানা।

২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।

৬। মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত :

মাস	মোবাইল কোর্ট সংখ্যা	মামলা সংখ্যা	মামলা রায়			মন্তব্য
			কারাদন্ড	জরিমানা	অব্যাহতি	
ডিসেম্বর/২০১৬	০২	০৫	--	৮০০০/-	--	

সিদ্ধান্ত : জামালপুর সদর উপজেলায় নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। মোবাইল কোর্ট পরিচালনায় পুলিশ ফোর্সের পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : ১। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর।

২। সহকারী কমিশনার (ভূমি), জামালপুর সদর।

সভাপতি উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা নিয়ন্ত্রনের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোহাম্মদ আবদুল ছালাম)

উপজেলা নির্বাহী অফিসার

জামালপুর সদর, জামালপুর।

☎ ০৯৮১-৬৩১২০

E-mail: unojamalpur@mopa.gov.bd



তারিখ-১২ জানুয়ারি ২০১৭

স্মারক নং- ০৫.০০.৩৯৩৬.০০৮.০৬.০০৯.১৪- ৩৬০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২। মাননীয় সংসদ সদস্য, ১৪২, জামালপুর-৫।

৩। জেলা প্রশাসক, জামালপুর।

৪। পুলিশ সুপার, জামালপুর।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর।

৬। মেয়র, জামালপুর পৌরসভা, জামালপুর।

৭। অফিসার ইনচার্জ, জামালপুর থানা।

৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর। (সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি কর্তৃক কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ)।

৯। অফিস কপি।